জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

ক্র:	বিবরণ	সময়সূচি
১.	ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে ডানপাশের সময়সূচির মধ্যে অনলাইনে **Choice Form** পূরণ করতে হবে। শিক্ষার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় পূরণকৃত **Choice Form** অবশ্যই **print** করে নিয়ে আসতে হবে। উল্লেখ্য, F, G, H ও I ইউনিটের জন্য **Choice Form** পূরণ করতে হবে না।	**১৫-১১-২০১৮ থেকে ১৭-১১-২০১৮ তারিখ পর্যন্ত (শুধুমাত্র C1 ইউনিটের ক্ষেত্রে ১৫-১১-২০১৮ ও ১৬-১১-২০১৮ তারিখ)**
২.	সাক্ষাৎকার/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য নির্বাচিত শিক্ষার্থী সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত স্থানে পরীক্ষায় অংশগ্রহণ করবে। পরীক্ষায় অংশ নেওয়ার জন্য এস.এস.সি. ও এইচ.এস.সি./সমমানের মূল **সনদপত্র এবং প্রতিটি সনদপত্রের ১টি করে ফটোকপি নিয়ে আসতে হবে। ফটোকপিগুলো মৌখিক পরীক্ষায় উপস্থিত একজন শিক্ষককে দিয়ে সত্যায়িত করে নিতে হবে।**	**১৮-১১-২০১৮, ১৯-১১-২০১৮, ২০-১১-২০১৮ এবং ২২-১১-২০১৮ তারিখ**
৩.	ইউনিট কমিটি কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ।	**২৭-১১-২০১৮ তারিখ**
৪.	ইউনিট কমিটি কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা শিক্ষা শাখায় প্রেরণ (নাম, পিতার নাম, মাতার নাম, রোল নম্বরসহ)।	**২৭-১১-২০১৮ তারিখ**
৫.	মুক্তিযোদ্ধা কোটা (সন্তান/নাতি-নাতনি), ক্ষুদ্র নৃগোষ্ঠী ও অনগ্রসর সম্প্রদায় এবং দলিত সম্প্রদায় কোটা, প্রতিবন্ধী কোটা, খেলোয়াড় কোটা (বিকেএসপি এবং জাতীয় দলের খেলোয়াড় এমন শিক্ষার্থী), পোষ্য কোটায় ভর্তির জন্য প্রাথমিক আবেদন ফরম **www.ju-admission.org** ওয়েবসাইট থেকে নির্দেশনা অনুযায়ী পূরণ করে **Submit** করতে হবে।	**২৮-১১-২০১৮ থেকে ৩০-১১-২০১৮ তারিখ পর্যন্ত**
৬.	মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	**২৮-১১-২০১৮ থেকে ০২-১২-২০১৮ তারিখ পর্যন্ত**
৭.	**অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।** (ক) অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল সনদপত্র এবং মার্কশীট/গ্রেডশীট (গ) অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র (ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত সনদপত্র। **প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি প্রিন্টকৃত ভর্তির আবেদন ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডীন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে উল্লেখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূণ্য ধরে পরবর্তী মেধা তালিকা থেকে উক্ত শূণ্য আসন পূরণ করা হবে।**	**০৩-১২-২০১৮ থেকে ০৬-১২-২০১৮ তারিখ পর্যন্ত (সকাল ৮.৩০ থেকে বিকেল ৪.০০ টা)**
৮.	শূন্য আসনের তালিকা প্রকাশ	**০৯-১২-২০১৮ তারিখ**
৯.	ইউনিট কমিটি কর্তৃক 'ভর্তিকৃত শিক্ষার্থীদের' মাইগ্রেশন তালিকা প্রকাশ।	**১০-১২-২০১৮ তারিখ**
১০.	ইউনিট কমিটি কর্তৃক ২য় মেধা তালিকা প্রকাশ।	**১২-১২-২০১৮ তারিখ**
১১.	২য় ধাপে প্রকাশিত মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	**১৭-১২-২০১৮ এবং ১৮-১২-২০১৮ তারিখ**
১২.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ২য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের জন্য ৭ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।	**২০-১২-২০১৮ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকেল ৪.০০ টা)**
১৩.	ইউনিট কমিটি কর্তৃক 'ভর্তিকৃত শিক্ষার্থীদের' ২য় ধাপে মাইগ্রেশন তালিকা প্রকাশ।	**২৩-১২-২০১৮ তারিখ**
১৪.	আসন শূন্য থাকা সাপেক্ষে ইউনিট কমিটি কর্তৃক ৩য় ধাপে মেধা তালিকা প্রকাশ।	**৩০-১২-২০১৮ তারিখ**
১৫.	৩য় ধাপে প্রকাশিত মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	**০২-০১-২০১৯ এবং ০৩-০১-২০১৯ তারিখ**
১৬.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের জন্য ৭ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।	**০৬-০১-২০১৯ তারিখ (সকাল ৮.৩০ থেকে বিকেল ৪.০০ টা)**
১৭.	৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর আসন শূন্য থাকা সাপেক্ষে ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণ করা হবে।	**০৭-০১-২০১৯ তারিখ**
১৮.	শূন্য আসনে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	**০৮-০১-২০১৯ তারিখ**
১৯.	শূন্য আসনে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ৭ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে।	**০৯-০১-২০১৯ তারিখ**
২০.	ক্লাস শুরু	**পরবর্তিতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

বি:দ্র: উপরে উল্লেখিত তারিখ ও সময়সমূহ প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধনের সকল ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদন করার নিয়মাবলি (মেধা তালিকা থেকে ভর্তির ক্ষেত্রে)ঃ

ক) মুঠোফোনে এসএমএস নোটিফিকেশন পাওয়ার পরে ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে বিভাগ উন্নয়ন ফি সহ ভর্তির যাবতীয় ফি **ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট** একাউন্ট থেকে অথবা এজেন্টের **রকেট** একাউন্ট থেকে ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে।

খ) এরপর ju-admission.org ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে **"অনলাইন আবেদন"** মেনুতে ক্লিক করে উপরে প্রাপ্ত Transaction ID টি প্রদান করলে এবং Transaction ID সঠিক হলে অনলাইন আবেদন ফরম আসবে।

গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি.ও এইচ.এস.সি/সমমান এর সত্যায়িত সনদপত্র/নম্বরপত্র, অভিভাবকের মাসিক আয়ের সনদপত্র, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার/সিভিল সার্জন/রেজিস্টার্ড চিকিৎসক হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র (সকল সনদপত্র **PDF/JPG ফরম্যাটে** এবং ফাইল সাইজ **৮০০ KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।

ঘ) এরপর আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে আবেদন ফরম ডাউনলোড করতে বলা হবে।

পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড ঃ

ঙ) ফরম ডাউনলোড করার এসএমএস পাবার পর ju-admission.org ওয়েবসাইট থেকে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর দিয়ে লগইন করে **"আবেদন ফরম ডাউনলোড"** মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

প্রাথমিকভাবে বিভিন্ন কোটায় আবেদন করার নিয়মাবলিঃ

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের **রকেট** একাউন্ট থেকে ২০০/- টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে। পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি **SMS**-এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট www.ju-admission.org এর **"কোটায় আবেদন"** মেনু থেকে প্রাপ্ত Transaction ID টি প্রদান করলে এবং Transaction ID সঠিক হলে কোটার আবেদন ফরম আসবে। অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে প্রমাণস্বরূপ সনদপত্র (**PDF/JPG ফরম্যাটে** এবং ফাইল সাইজ **৮০০ KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে এবং ডাউনলোড করে প্রিন্টেড কপি শিক্ষা শাখায় জমা দিতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপঃ

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য *৩২২# ডায়াল করতে হবে।

ii) Bill Pay সিলেক্ট করতে হবে। তারপর Self সিলেক্ট করতে হবে।

iii) অতঃপর Other সিলেক্ট করতেহবে।

iv) Biller ID হিসেবে **343** টাইপ করতে হবে।

v) Bill Number হিসেবে আবেদনকারীর ভর্তি পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।

vi) Amount হিসেবে সংশ্লিষ্ট ইউনিট নিবন্ধন ফি টাইপ করতে হবে।

vii) এবার **রকেট** মোবাইল ব্যাংকিং পিন টাইপ করতে হবে।

viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Trx id) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

বিশেষ জ্ঞাতব্যঃ

১. প্রথম ধাপে আসন সংখ্যার ০৫ (পাঁচ) গুন (শুধুমাত্র **A** ইউনিটের জন্য ১০ গুন) প্রার্থীর সাক্ষাৎকার নেয়া হবে। সাক্ষাৎকারের বিস্তারিত সময়সূচি, বিভিন্ন ধাপে মেধা তালিকা এবং বিভিন্ন ধাপে মাইগ্রেশনের তালিকা ইউনিট অফিসের নোটিশ বোর্ড, ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট **www.ju-admission.org** এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.juniv.edu** এ পাওয়া যাবে। এছাড়াও ভর্তি পরীক্ষায় অনলাইন রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীদের প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে জানানো হবে।

২. সাক্ষাৎকারের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে **Admission Test Roll No.** ও **এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বর** দিয়ে ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট **www.ju-admission.org** এ লগ ইন করে অনলাইনে **Choice Form** পূরণ করতে হবে।

৩. সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীকে এস.এস.সি পরীক্ষার মূল সনদপত্র ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মার্কশীট/গ্রেডশীট ও ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সাথে আনতে হবে। সাক্ষাৎকার বোর্ডের একজন শিক্ষক কর্তৃক সত্যায়নের জন্য উপরে বর্ণিত সনদ/মার্কশীট/গ্রেডশীট সাথে আনতে হবে।

৪. প্রার্থী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির প্রমাণপত্র সাথে আনতে হবে।

৫. কোন প্রার্থীর একাধিক ইউনিট/ইনস্টিটিউটে একই সময়ে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হলে প্রার্থী ইউনিটে/ইনস্টিটিউটের পরিচালকের কাছে লিখিতভাবে আবেদন করে সময় ও তারিখ সমন্বয় করে নিতে পারবে।

৬. উপরের বর্ণিত সময়সূচি অনুযায়ী C1-ইউনিটের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে।

৭. মাইগ্রেশন (ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগ পরিবর্তন) শুধুমাত্র **A,B,C,D এবং E** ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮. বিভিন্ন কোটায় ভর্তির কার্যক্রম পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৯. বিস্তারিত জানতে ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট **www.ju-admission.org** থেকে **ভর্তি নির্দেশিকা** দেখুন।

স্বাক্ষর/-মোঃ আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি